

নাকছাবি

চৌরাস্তার মোড়ে বাঁ দিকের গলির মুখে,
 লোডশেডিং- এর ঘোমটার নিচে কুপি জেলে,
 মেয়েগুলো নাকছাবিটার আঙুনে ফাঁদ পেতে বসে
 শিকারের আশায়।
 পেটে তাদের নেকড়ের ক্ষিদে।
 ক্ষিদে দাঁড়িপাল্লায় দরদামের বাটখারা চাপায়।
 আধপাগলা পাড়ার ছোঁড়াটা এঘর ওঘর দাপিয়ে বেড়ায়
 সন্দের ছায়ায় নাকছাবিটার কাছে গিয়ে বলে
 আমায় বিনি পয়সায় কিনবি?
 'আয় কোলে আয়' বলে, পাগলটাকে বুকে চেপে ধরে
 নাকছাবিটা হঠাৎ যেন মা হয়ে যায়।

সন্তু বসু

